West Bengal Form No. 27

# FIRST INFORMATION REPORT
(Under Section 154 Cr. P.C.)

2830

1. Dist. SPC P.S. Bhaktinagar Year 2022 FIR No. 566/22 Date 01.06.22

2. (i) Act — Sections — (ii) Act IPC Sections 498A/506/34

(iii) Act — Sections — (iv) Others Acts & Sections

3. (a) Occurrence of Offence : Day — Date From 16.11.13 Date To —

Time Period — Time From — Time To —

(b) Information received at P.S. Date 01/06/2022 Time 15.35 hrs.

(c) General Diary Reference : Entry No(s). 30 Time 15.35 hrs

4. Type of Information : Written / Oral

5. Place of Occurrence : (a) Direction and Distance from P.S. — Beat No. —

(b) Address Amtala Sastri Nagar PS Bhaktinagar, Jalpaiguri

(c) In case outside limit of this Police Station, then the

Name of the P.S. — District —

6. Complainant / Informant :

(a) Name Smt Kavita Gupta (Mistry)

(b) Father's / Husband's Name w/o Sanjit Mistry.

(c) Date / Year of Birth : — (d) Nationality Indian.

(e) Passport No. — Date of Issue : — Place of Issue —

(f) Occupation — Amtala

(g) Address Sastri Nagar, PS Bhaktinagar, Jalpaiguri

7. Details of known / suspected / unknown accused with full particulars

(Attach separate sheet, if necessary) :

(1) Sanjit Mistry S/O Sudir Mistry (2) Smt Manju Mistry (3) Supriya Mallick (4) Prasanta Mallick

8. Reasons for delay in reporting by the Complainant / Information

—

9. Particulars of properties stolen / involved (Attach separate sheet, if necessary) :

—

10. Total value of properties stolen / involved —

11. Inquest Report / U.D. Case No., if any

12. FIR Contents (Attach separate sheets, if required) : The original written complaint which is treated as FIR is enclosed herewith / reproduced over leaf

(signature) 01/06/22

13. Action taken : Since the above report reveals commission of offence(s) as mentioned at item No. 2., registered the case and took up the investigation / directed ASI BHUSAN RAM SINGHA to take up investigation / refused investigation / transferred to P.S. on point of jurisdiction. FIR read over to the Complaint/ Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant / Informant free of cost.

Noted in original Complaint

(signature) 01/06/22

14. Signature / Thumb impression of the Complainant / Informant

Signature of the Officer-in-Charge, Police Station

INSPECTOR-IN-CHARGE
Bhaktinagar P.S.
Siliguri Police Commissionerate

Name : DAWA TSHERING SHERPA

Rank No. SI OF POLICE BKN PS/SPC

15. Date & Time of despatch to the court :

To
The Inspector In Charge
Bhaktinagar Police Station
Dist. Jalpaiguri

বিষয় : অভিযোগ পত্র

মহাশয়,

বিনীত নিবেদন এই যে আমি শ্রীমতি কবিতা গুপ্তা (মিস্ত্রি), স্বামী সন্জিৎ মিস্ত্রি, পিতা স্বর্গীয় ঈশ্বর গুপ্তা, স্থায়ী ঠিকানা আমতলা, শাস্ত্রী নগর, বোতল কোম্পানী মোর, আই টি আই রোড, পো : সেবক রোড, থানা ভক্তিনগর, জেলা জলপাইগুড়ি, এই মর্মে আপনার নিকট অভিযোগ জানাইতেছি যে, গত ১৮/১১/২০১৩ তারিখে আমার সহিত শ্রী সুধীর মিস্ত্রি এবং মন্জু মিস্ত্রি -এর পুত্র সন্জিৎ মিস্ত্রি এর হিন্দু ধম মতে এস.এফ রোড স্থিত সিদ্ধেশ্বরী কালি মন্দিরে বিবাহ হয়। বিবাহের সময় আমার শ্বাশুড়ি ও স্বামীর দাবী মত আমার মা বাবা এবং আত্মীয় পরিজন সকলে মিলে ৫২,০০০/- টাকা নগদ, সহ নানারকম দামী দামী উপহার, নানারকম সোনার অলংকার ও আসবাবপত্র (খাট, ড্রেসিং টেবিল, আলনা, গোদরেজ আলমারি) দিয়ে ছিলেন। বিবাহের পরদিনই আমি জানতে পারি যে আমার স্বামী একজন মাদকাসক্ত, সে প্রতিনিয়ত মদ পান করেন, আর বিবাহের কিছুদিন পর থেকেই আমার উপর নানারকম মানসিক ও শারিরীক অত্যাচার শুরু করেন। প্রায়শই বাড়ির বাজার করতেন না, সংসারের কোনো খরচ দিতে চাইতেন না, সবসময় বলতেন বাপের বাড়ি থেকে সংসারের খরচ নিয়ে আসার জন্য। আমার বিবাহের পরদিন আমার স্বামী আমাকে নিয়ে কাওয়াখালি তে একটি ভাড়া বাড়িতে যায়। সেখানে আমার শ্বাশুড়ি শ্রীমতি মন্জু মিস্ত্রি, আমার ননাস শ্রীমতি সুপ্রিয়া মল্লিক ও তার স্বামী শ্রী প্রশান্ত মল্লিক আমার বাড়ি থেকে দেওয়া জিনিস নিয়ে আমাকে অকথ্য ভাষায় গালিগালাজ করেন, আমাকে এবং আমার পরিবারের সকলকে ছোট লোক বলে কথা শোনাতে থাকেন।

উল্লেখ থাকে যে আমার স্বামী পেশায় একজন গাড়ি চালক এবং মাঝে মধ্যেই তিনি বাইরে চলে যান এবং বিভিন্ন বিবাহিত মহিলাদের সাথে সম্পর্ক আছে, এমনকি বিবাহের দুই মাস পর তিনি একবার একটি নেপালি মেয়েকে আমাদের কাওয়াখালি বাড়িতে নিয়ে এসেছিলেন এবং আমাকে বলেছিলেন যে তিনি আমার সামনেই সেই মাহিলার সাথে রাত কাটাবেন, এমনকি আমার শ্বাশুড়ি মা একটি প্রতিবাদ পর্যন্ত করেননি এমনকি প্রতিবাদ করায় আমার স্বামী এবং আমার শ্বাশুড়ি আমার গলা চেপে ধরেন বলতে থাকেন যে, যদি আমি তাদের কে তাদের মত না চলতে

Received on 01/06/22 at 15.35 hrs vide GDE No 30 dt 01/06/22 and started Bhn PS case No 566/22 dt 01/06/22 U/s 498A/506/34 IPC and endorsed the same to ASI Bhasan Ram Singh for its investigation

01/06/22
Inspector-In-Charge
Bhaktinagar Police Station
Siliguri Police Commissionerate

দেই তাহলে তারা আমকে আগুন দিয়ে পুরিয়ে মারবেন এবং আমার বাড়ির লোকেদের জানাবেন যে আমি আত্মহত্যা করেছি। প্রায় প্রতি নিয়ত অশান্তির জেরে আমাদের কে সেই ভাড়া বাড়ি থেকে উঠে যেতে বলেন। তারপর আমার শ্বাশুড়ি, আমার স্বামী এবং আমি শিলিগুড়ির আদর্শ নগর এ একটি বাড়িতে ভাড়া উঠি। সেখানে পনেরো দিন থাকার পর আমার স্বামী হঠাৎ করে একদিন বাইরে চলে যান, অপরদিকে আমার শ্বাশুড়ি আমার ননাসের বাড়ি (প্রযত্নে কালিপদ সরকার, স্বামী বিবেকানন্দ সরনী, আমতলা, ওয়ার্ড নং ৪১ শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশনের অধীন, পো : সেবক রোড, থানা ভক্তিনগর, জেলা জলপাইগুড়ি) চলে যান, আমি বহুবার আমার স্বামী, শ্বাশুড়ি ও ননাসের সাথে যোগাযোগ করার চেস্ট করি কিন্তু কেউ আমার কোন কথা শোনেনি। বাধ্য হয়ে আমার বাবা আমার বাড়ির ভাড়া মিটিয়ে আমাকে নিয়ে আসেন। এবং সেই থেকে আমি আমার বাপের বাড়িতেই আছি। কিছুদিন পর আমার স্বামী আমার বাপের বাড়িতে আসেন এবং তার ভুলের জন্য ক্ষমা চান, তিনি এও বলেন যে যেহেতু তার থাকার মত কোন ব্যাবস্থা নেই তাই তাকেও যেন আমার বাপের বাড়িতেই যায়গা দেওয়া হয়। আমি সবকিছু ঠিক হবার আশায় আমার স্বামীকে ক্ষমা করে দেই এবং আমার বাপের বাড়িতেই একসাথে থাকতে শুরু করি। কিন্তু কিছুদিন পরপর আমার স্বামী আমাকে চাপ দিতে থাকে টাকার জন্য, অগত্যা আমার বাবা নিজে একটি চারচাকা কেনার অগ্রীম টাকা আমার স্বামীকে দেন প্রায় লক্ষাধিক টাকা কিন্তু আমার স্বামী সেই টাকা আত্মসাৎ করে ফেলে। এরপর অনেক দিন তিনি বাইরে থাকে এবং অনেক খোজাখুজির পরেও কোনও খোজ পাইনি কিন্তু সে তার মা ও দিদির সাথে যথারীতি যোগাযোগ ব্যাবস্থা রেখেছিলেন।

উল্ল্যেখ থাকে যে, গত ১৭.০৫.২০২২ তারিখে আমার ছোট ভাই বৈশাখি মেলার সামনে অন্য একটি মেয়ের সাথে তাকে দেখতে পায় এবং তার সামনে যেতেই উক্ত মহিলাটি সেখান থেকে চলে যান এবং সেই সময় আমার স্বামী আমার ভাইয়ের উপর হামলা করার চেস্টা করেন, আমার ছোট ভাই তাকে হাত জোর করে অনুরোধ করে যাতে আমাদের দাম্পত্য জীবন পুনরায় স্থাপন করা যায় কিন্তু সে আমার ভাইকে নোংরা ভাষায় গালিগালাজ করতে শুরু করেন। এবং পরিস্থিতির বেগতিক দেখে সেখানকার কিছু স্থানীয়রা মিলে আমার স্বামীকে ভক্তিনগর থানায় নিয়ে যায়। ঘটানাটি শোনার পর আমি ও থানায় ছুটে যাই এবং কোনও অভিযোগ না করার আবেদন করলে তাকে সেখান থেকে ছেড়ে দেওয়া হয়। কিন্তু গতকাল বিকেল বেলায় (সন্ধ্যে নামার আগে) আনুমানিক ৬ টা নাগাদ আমি আমার দিদির বাড়ি থেকে নিজের বাড়ি ফিরছিলাম। বাড়িতে ফেরার সময় আমার স্বামী ও আমার ননাসের স্বামী শ্রী প্রশান্ত মল্লিক আমার রাস্তা আটকে ধরে আমার বাড়ির একটু আগে একটি নির্জন স্থানে। আমাকে রীতিমত হুমকি দিতে থাকেন। আমার মুখে এসিড ফেলার হুমকি দেন, বলেন যে যদি আমি তার বিরুদ্ধে বা তার পরিবারের কারোর বিরুদ্ধে

কোনরকম অভিযোগ করি বা কোথাও মুখ খুলি তাহলে সে আমার মুখে এসিড ফেলে আমার সারাজীবন বাড়ি থেকে বাইরে বেরানো বন্ধ করে দেবেন এমনকি আমার ভাই ও মা কেও মেরে ফেলার হুমকি দেন। আমি ভয়ে ভয়ে কোনরকমে বাড়িতে ফিরে আসি, বর্তমানে আমার বাড়ির বাইরে যেতে আতঙ্কের মত মনে হচ্ছে এবং একপ্রকার বাধ্য হয়ে আপনার দ্বারস্থ হচ্ছি।

মহাশয় আপনার কাছে বিনীত অনুরোধ উপরোক্ত বিষয়ে নজর দিয়ে এবং আমার প্রতি ন্যায় বিচার করে আমার স্বামী শ্রী সন্জিৎ মিস্ত্রি, শ্বাশুড়ি শ্রীমতি মন্জু মিস্ত্রি, ননাস সুপ্রিয়া মল্লিক ও তার স্বামী শ্রী প্রশান্ত মল্লিক এর বিরূদ্ধে আইনত ব্যাবস্থা গ্রহন করার আবেদন জানাচ্ছি।

বর্তমানে তাদের সকলের ঠিকানা প্রযত্নে কালিপদ সরকার, স্বামী বিবেকানন্দ সরনী, আমতলা, ওয়ার্ড নং ৪১ শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশনের অধীন, পো : সেবক রোড, থানা ভক্তিনগর, জেলা জলপাইগুড়ি। এবং আমার স্বামীর ফোন নং ৭৬৭৯১৪৩০৫১।

ইতি

ধন্যবদান্তে

Kabita Gupta

শ্রীমতি কবিতা গুপ্তা
স্বামী সন্জিৎ মিস্ত্রি,
পিতা স্বর্গীয় ঈশ্বর গুপ্তা,
স্থায়ী ঠিকানা আমতলা,
শাস্ত্রী নগর, বোতল কোম্পানী
মোর, আই টি আই রোড, পো :
সেবক রোড, থানা ভক্তিনগর,
জেলা জলপাইগুড়ি
৯৮৩২৭-৩৩৯১৪
8250140331